

আমি আমার সন্তানের IEP-এর সঙ্গে একমত নই....

আমি কী করতে পারি?

আপনার সন্তানের বিশেষ শিক্ষার টিমের সাথে যোগাযোগ করুন

- আপনাকে প্রথমেই আপনার শিশুর স্কুলে জানাতে হবে যে আপনি তার IEP-এর সঙ্গে একমত নন। তারা আপনার সন্তানের IEP সংশোধন করে, IEP টিমকে জানিয়ে বা পুনরায় মূল্যায়নের মিটিং করে এই সমস্যা সমাধানে সাহায্য করতে পারে।

আপনার ডিস্ট্রিক্ট অফিস বা CSE-এ যোগাযোগ করুন

- আপনি আপনার সমস্যা সরাসরি ডিস্ট্রিক্টের বিশেষ শিক্ষার প্রশাসক (পাবলিক স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে) বা বিশেষ শিক্ষার কমিটি (প্রি-K, চার্টার, প্রাইভেট স্কুল শিক্ষার্থী, বাড়ি ভিত্তিক নির্দেশনা লাভ করা শিক্ষার্থী এবং প্লেসমেন্টের অপেক্ষারত শিক্ষার্থীদের ক্ষেত্রে)-র কাছে আপনার সমস্যা সমাধানের চেষ্টা করতে পারেন।

মধ্যস্থতার অনুরোধ

- আপনি কোনো নিরপেক্ষ তৃতীয় পক্ষ মধ্যস্থতাকারীর মাধ্যমে মধ্যস্থতার অনুরোধ করতে পারেন, এজন্য আপনাকে অনুরোধ, সমস্যা এবং প্রস্তাবিত সমাধান সহ একটি ইমেল করতে হবে এই ঠিকানায় IHOQuest@schools.nyc.gov. মধ্যস্থতা বিনামূল্যে এবং গোপনীয়ভাবে করা হয়।

একটি নিরপেক্ষ হিয়ারিংয়ের অনুরোধ জানান

- যদি আপনার উদ্বেগ সমাধানের প্রচেষ্টা সফল না হয়, তাহলে আপনি কোনো নিরপেক্ষ শুনানি কর্মকর্তার কাছে শুনানির অনুরোধ করতে পারেন, যিনি নির্ধারণ করবেন আপনার সন্তানের শিক্ষাগত চাহিদা কীভাবে পূরণ করা হবে।

মধ্যস্থতা সংক্রান্ত আরও তথ্যের জন্য,

IHOMediation@schools.nyc.gov

-এ ইমেল করুন। মধ্যস্থতা সংক্রান্ত অনুরোধ জমা দেওয়ার জন্য,

IHOQuest@schools.nyc.gov-এ ইমেল করুন।